

💵 নামাযের দো'আ ও যিক্র

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয়ঃ রুকুর দো'আ ও যিক্র রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ আব্দুর রব্ব আফফান

রুকুর দো'আ ও যিক্র কি কি?

«سبحان ربي العظيم» (رواه مسلم)

উচ্চারণ: "স্বহানা রব্বীয়াল 'আ্যীম"

অর্থ: আমার মহান রব্বের পবিত্রতা বর্ণনা করছি। (মুসলিম)

তিনবার বা তার চেয়ে বেশি বলবে।

«سبحان ربي العظيم وبحمده»

(رواه أحمد وأبو داود والدار قطني والطبراني والبيهقي)

উচ্চারণ: "সুবহানা রব্বীয়াল আ'যীম ওয়া বিহামদিহি"

অর্থ: আমার মহান রব্বের পবিত্রতা ও প্রশংসা বর্ণনা করছি। (আহমাদ, আবু দাউদ, দারাকুতুনী, ত্ববারানী এবং বায়হাকী)

কেউ যদি বেশি বলতে চায় তো বলবেঃ

«سبحانك اللهم ربنا وبحمدك اللهم اغفر لي» (متفق عليه)

উচ্চারণ: "সুবহানাকা আল্লাহুম্মা রব্বানা ওয়াবিহামদিকা আল্লাহুম্মাগ ফিরলী।"

অর্থ: হে আল্লাহ! আমাদের রব্ব তোমার সকল প্রশংসা বর্ণনা করছি এবং সকল দোষ হতে পবিত্রতা ঘোষণা করছি, আমাকে তুমি ক্ষমা কর। (বুখারী-মুসলিম)

এবং বলবেঃ

«سبوح قدوس رب الملائكة والروح» (رواه مسلم)

উচ্চারণ: "সুক্রহুন কুদ্-সুন রক্বল মালাইকাতি ওয়ার রূহ।"

অর্থ: ফেরেশতামণ্ডলী ও জিবরাঈলের রব্ব সকল দোষক্রটি থেকে পবিত্র। (মুসলিম)

«اللهُمَّ لَكَ رَكَعْتُ، وَبِكَ آمَنْتُ، وَلَكَ أَسْلَمْتُ، خَشَعَ لَكَ سَمْعِي، وَبَصَرِي، وَمُخِّي، وَعَظْمِي، وَعَصَبِي» উচ্চারণ: আল্লাহ্মা লাকা রাকা'তু, ওয়া বিকা আ-মান্ত ওয়া লাকা আসলামতু, খাশা'য়া লাকা সাম'ঈ ওয়া বাসারী ওয়া মুখখী ওয়া 'আজমী ওয়া 'আসাবী।

অর্থ: হে আল্লাহ! আমি তোমার জন্যই রুকু করি, তোমার প্রতি ঈমান এনেছি এবং তোমার নিকটেই আত্মসমর্পণ



করছি, আমার কান, দৃষ্টি, মস্তিষ্ক, হাড় ও মাংসপেশী সকল বস্তু তোমার ভয়ে অবনত হল। (মুসলিম)

«سبحان ذي الجبروت، والملكوت، والكبرياء، والعظمة» (رواه أبو داود والنسائي)

উচ্চারণ: সুবহানা জীল জাবারুতি ওয়াল মালাকৃত ওয়াল কিবরিয়ায়ি ওয়াল 'আজমাহ্।

অর্থ: সকল দোষ হতে পবিত্র যিনি মহাপরাক্রমশালী, বিশাল সাম্রাজ্যের অধিকারী, অসীম গৌরব-গরিমা ও শ্রেষ্ঠত্বের অধিকারী। (আবু দাউদ ও নাসায়ী)

Source — https://www.hadithbd.com/books/link/?id=1392

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন